

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ অধিদপ্তর  
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.doe.gov.bd](http://www.doe.gov.bd)

নং-২২.০২.০০০০.০০৭.৩১.২৬৩.১৫- ৪২৮

২২/০৫/১৪২৩ সন  
তারিখ : -----  
০৫/০৭/২০১৬ খ্রিঃ

অফিস আদেশ

যেহেতু, বেগম নিগার সুলতানা হিসাবরক্ষক-কে ২৮/০৭/২০১৫ তারিখের পরিবেশ/প্রশাঃ(ব্যঃ)-৭৮৪/২০০৪/৩৭৩ সংখ্যক স্মারকের মাধ্যমে অষ্টেলিয়া সফরের জন্য ০৯/০৮/২০১৫ তারিখ থেকে ০৬/১১/২০১৫ তারিখ পর্যন্ত ৯০দিন বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়। নির্ধারিত সময়ের পরেও তিনি চাকুরীতে যোগদান না করে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন;

২। যেহেতু, তার কাজে যোগদান না করার বিষয়টি তার নিজ কর্মস্থল নারায়ণগঞ্জ জেলা কার্যালয় হতে অবহিত করা হলে অত্র দপ্তরের ০৩/১২/২০১৫ তারিখের ২২.০২.০০০০.০০৭.৩১.২৬৩.১৫-৬০৩ সংখ্যক স্মারকের মাধ্যমে তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদানপূর্বক অনতিবিলম্বে নিজ কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হলেও তিনি কর্মস্থলে যোগদান করেননি;

৩। যেহেতু, তিনি ০৩/০১/২০১৬ তারিখে স্বাক্ষরিত একটি পত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ছাড়া সরাসরি ডাকযোগে সদর দপ্তরে প্রেরণ করে অসুস্থতার কারণ উল্লেখ করে অনির্দিষ্টকালের জন্য ছুটির আবেদন করেন। তার বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরীর আদেশের 'ঘ' শর্তানুসারে অননুমোদিত ছুটির অতিরিক্ত সময়কাল বিদেশে অবস্থানের কোন সুযোগ না থাকায় পরিবেশ অধিদপ্তরের ০৮/০২/২০১৬ তারিখের স্মারক নং-২২.০২.০০০০.০০৭.৩১.২৬৩.১৫-৭১ এর মাধ্যমে তার বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি বৃদ্ধির আবেদন নাকচ করে ০৭(সাত) কর্মদিবসের মধ্যে কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করে তার স্থায়ী ঠিকানায় পত্র প্রেরণ করা হলেও তিনি কর্মস্থলে যোগদান করেননি কিংবা কোনরূপ যোগাযোগ করেননি;

৪। যেহেতু, বেগম নিগার সুলতানা-কে অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করে কর্তৃপক্ষের আদেশ অমান্য করার কারণে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারায় অভিযুক্ত করে উক্ত অধ্যাদেশের ৫(১) ধারামতে অত্র দপ্তরের ০৮/০৬/২০১৬ তারিখের ২২.০২.০০০০.০০৭.৩১.২৬৩.১৫-২৮১ সংখ্যক স্মারকের মাধ্যমে প্রথম কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। নোটিশটি 'বাংলাদেশ প্রতিদিন' পত্রিকায় ১১/০৬/২০১৬ তারিখে এবং 'দৈনিক ইত্তেফাক' পত্রিকায় ১৩/০৬/২০১৬ তারিখে প্রকাশ করা হয়। এছাড়া নোটিশটি তার ঠিকানায় দৃষ্টিগোচর স্থানে দেয়ালে লাগিয়ে দেয়া হয় এবং তার ইমেইল-এ ও প্রেরণ করা হয়;

৫। যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেননি এবং ব্যক্তিগত শুনানীতেও উপস্থিত হননি;


৬। যেহেতু, তাকে অননুমোদিত অনুপস্থিতির অপরাধে দোষী সাব্যস্ত করে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(বি) ধারা অনুযায়ী চাকুরী হতে অব্যাহতি প্রদানের দণ্ড আরোপের প্রস্তাব করতঃ ৫(২) ধারামতে অত্র দপ্তরের ২৮/০৭/২০১৬ তারিখের ২২.০২.০০০০.০০৭.৩১.২৬৩.১৫-৩৪৯ সংখ্যক স্মারকের মাধ্যমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। নোটিশটি 'আমাদের সময়' পত্রিকায় ১৫/০৮/২০১৬ তারিখে এবং 'নিউ এজ' পত্রিকায় ১৫/০৮/২০১৬ তারিখে প্রকাশ করা হয়। এছাড়া নোটিশটি তার ঠিকানায় দৃষ্টিগোচর স্থানে দেয়ালে লাগিয়ে দেয়া হয় এবং তার ইমেইল-এ ও প্রেরণ করা হয়;

৭। যেহেতু, অদ্যাবধি তিনি দণ্ড আরোপের প্রস্তাব সম্বলিত দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেননি;

৮। যেহেতু উক্ত উপরাধে দোষী সাব্যস্ত হওয়ায় তাকে চাকুরী হতে অব্যাহতি প্রদানের দণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়;

৯। এক্ষণে সেহেতু, বেগম নিগার সুলতানা, হিসাবরক্ষককে অননুমোদিত অনুপস্থিতির জন্য সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(বি) ধারা অনুযায়ী চাকুরী হতে অব্যাহতি (Discharge from Service) প্রদান করা হলো;

১০। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
(মোঃ রইছউল আলম মন্ডল)  
মহাপরিচালক

প্রাপক  
বেগম নিগার সুলতানা  
হিসাবরক্ষক  
পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ।  
স্থায়ী ঠিকানা :  
গ্রামঃ জাগিরপাড়া, পোঃ মিরারচর  
থানাঃ বকশিগঞ্জ, জেলাঃ জামালপুর।


(অঃ পৃঃ দ্রঃ-)

নং-২২.০২.০০০০.০০৭.৩১.২৬৩.১৫- ৪০৫

২৪/০৫/১৪২৩ সন  
তারিখ : -----  
০৫/০৩/২০১৬ খ্রিঃ

অনুলিপি:

- ১। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা অঞ্চল কার্যালয়, ঢাকা।
- ২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপপরিচালক (অর্থ), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
- ৪। উপ-পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ।  
(বেগম নিগার সুলতানা, হিসাব রক্ষক-এর নিকট পত্র প্রেরণ এবং তাঁর বাসস্থানের সহজে দৃষ্টিগোচর স্থানে লটকাইয়া নোটিশ জারি করার অনুরোধসহ)
- ৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ।

  
০৫/০৩/২০১৬  
(খন্দকার আহম্মদ পার্শী)

সহকারী পরিচালক(প্রশাসন)

ফোনঃ ট ১৮১৩৬৬

ই-মেইল:- [pasha@doe.gov.bd](mailto:pasha@doe.gov.bd)